

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২৪, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
আইন-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ৩০ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ/১৩ জুন ২০১৯ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ১৬৫-আইন/২০১৯।—মোবাইল কোর্ট আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৯ নং আইন) এর ধারা ১৫ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের তফসিলের নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উক্ত আইনের তফসিলের ক্রমিক নম্বর (৬৪) এবং তদ্বিপরীতে উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নম্বর এবং এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৬৪) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর—

(ক) ধারা ৩৬ এর—

(অ) উপ-ধারা (১) উল্লিখিত সারণির ক্রমিক ১৬, ১৭, ২১, ২৫ ও ৩২ উক্ত ক্রমিকের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি (গ) ব্যতীত;

(আ) উপ-ধারা (৫) ও (৬) [যে ক্ষেত্রে কারাদণ্ডের সর্বোচ্চ সীমা ২ (দুই) বৎসরের মধ্যে থাকে]; এবং

(খ) ধারা ৩৯ ও ধারা ৪২ এর উপ-ধারা (১);”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোস্তাফা কামাল উদ্দীন

সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৮৭৪৩)

মূল্য : টাকা ৪.০০